

আধুনিক শিক্ষার নতুন দিগন্ত

ক্যাম্পাস সময় ডেস্ক

১৬ মে ২০২৬, ১২:০০ এএম



২০০৩ সালে ১৪৪ জন শিক্ষার্থী, তিনটি বিভাগ ও ১২ জন শিক্ষক নিয়ে যাত্রা করে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ। এগিয়ে চলার দুই দশকে ১৩টি বিভাগে রয়েছে ১০ হাজারের অধিক শিক্ষার্থী। দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ সপ্তম স্থায়ী সনদ লাভ করে। প্রতিষ্ঠালগ্ন থেকেই বিশ্ববিদ্যালয়টি স্বল্প ব্যয়ে মানসম্পন্ন শিক্ষার দৃষ্টান্ত স্থাপন করেছে। আন্তর্জাতিক মান অনুসারে সাজানো হয়েছে প্রতিটি বিভাগের কারিকুলাম। শিক্ষাদানের জন্য পর্যাপ্ত অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির লক্ষ্যে স্থায়ী ক্যাম্পাসে চলছে পাঠদান।

ঢাকার উত্তরায় ১৭ নম্বর সেক্টরে লেকের পাড়ে নিজস্ব জমিতে আধুনিক স্থাপত্যবিন্যাসে নির্মিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের সুবিশাল স্থায়ী ক্যাম্পাস। যেন এক সবুজ স্নিগ্ধ পরিবেশে ঘেরা। যে কোনো দর্শনার্থীকে আকৃষ্ট করবে।

শিক্ষার্থীদের পদচারণায় সর্বদা মুখরিত থাকে ক্যাম্পাস। সম্প্রতি ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র্যাংকিং ফর ইনোভেশন (ডব্লিউইউআরআই) গ্লোবাল র্যাংকিং ২০২৬-এ দেশের শীর্ষ বিশ্ববিদ্যালয়গুলোর তালিকায় স্থান পেয়েছে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে চতুর্থ স্থান অর্জন করেছে এই বিশ্ববিদ্যালয়টি। আর বিশ্বের শীর্ষ ৫০০ উদ্ভাবনী বিশ্ববিদ্যালয়ের তালিকায় ডব্লিউইউবি অর্জন করেছে ১৩৩তম।

অত্যাধুনিক কম্পিউটার ল্যাব, টেক্সটাইল ল্যাব, সিভিল, ইলেকট্রনিক, ফার্মেসি ও মেকাট্রনিকস ল্যাব। ল্যাবগুলো স্টেট অব আর্টস ফ্যাসিলিটিজ সমৃদ্ধ। রয়েছে মাল্টিমিডিয়া সুবিধাসংবলিত ও শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক অডিটোরিয়াম। যেখানে বিভিন্ন আন্তর্জাতিক মানের কনফারেন্স, সেমিনারসহ নানা ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ড হয়ে থাকে। আছে বিশাল আকারের ক্যাফেটেরিয়া ও নামাজ কক্ষ। বিদেশি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ক্রেডিট ট্রান্সফার সুবিধা এবং আধুনিক ল্যাব সুবিধা রয়েছে। এ ছাড়া এই বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি, কমনওয়েলথ বিশ্ববিদ্যালয় সমিতি এবং কোয়ালিটি অ্যাসিউরেন্স অ্যান্ড ইমপ্রুভমেন্ট কাউন্সিলের সদস্য। এটি ইউনেস্কোর বৈশ্বিক বিশ্ববিদ্যালয় তালিকাতেও অন্তর্ভুক্ত রয়েছে।

উত্তরা স্থায়ী ক্যাম্পাসে যাতায়াত নির্বিঘ্ন করতে সম্পূর্ণ বিনামূল্যে শিক্ষার্থীদের জন্য রয়েছে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহন ব্যবস্থা। ঢাকা মেট্রোরেল উত্তরা দক্ষিণ স্টেশন থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের অবস্থান কাছাকাছি হওয়ায় ছাত্রছাত্রীদের যাতায়াত হবে আরও সহজতর। অনলাইন ক্লাস পরিচালনায় পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম নিজস্ব অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ই-লার্নিং শুরু করেছে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ।

অত্যাধুনিক প্রযুক্তির সন্নিবেশ করা হয়েছে স্টেট অব আর্টস ল্যাব ফ্যাসিলিটি ও শ্রেণিকক্ষগুলো। এছাড়া বিশ্ববিদ্যালয়ের পুরো ক্যাম্পাস ডিজিটলাইজড। লাইব্রেরিটি সম্পূর্ণ ওয়েবনির্ভর ও অটোমেশন প্রযুক্তিসম্পন্ন। লাইব্রেরিতে দেশি-বিদেশি প্রয়োজনীয় সব পুস্তকসহ প্রায় ২ লাখ ৫ হাজার বই, জার্নাল, ম্যাগাজিন, গবেষণাপত্র ও প্রয়োজনীয় অডিওভিজুয়াল তথ্য-উপাত্ত রয়েছে। ডব্লিউইউবি আমেরিকান শিক্ষা পদ্ধতি অনুসরণ করে এবং ব্যবহারিক শিক্ষার ওপর গুরুত্ব এবং মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের জন্য ৩০ থেকে ১০০ শতাংশ পর্যন্ত রয়েছে বৃত্তি।